Government of West ...
Registration & Stamp Revenue

10-1757/2017

I-1722/17

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

पश्चिमबঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

C 939035



V/C-216/2017
GRN-[illegible]265132-2
Ⅰ(0)-673275/2017

Endorsement Sheet and Signature Sheet attached with the document are Part of the Document

Addl. Dist. Sub-Registrar
Chandannagar, Hooghly

29 MAY 2017

সুষমা ঘোষ
বং তপন কুমার ঘোষ

বাংলা মাপে ২ কাঠা ৪ ছটাক ৪০ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালী আচ্ছাদিত গৃহাদি সহ সম্পত্তির শুভ দানপত্র। দানকৃত সম্পত্তির আনুমানিক বাজার মূল্য কোং ৯,৪৬,২২১ টাকা ।

গ্রহীতা :-

কুমারী বাসবদত্তা ঘোষ পিতা শ্রী তপন কুমার ঘোষ, ধর্ম্মে হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা অধ্যয়ন, সাকিম - " এস. এম. ভিলা ", সুকদেব সিং রোড, উর্দ্দিবাজার, পোঃ ও থানা চন্দননগর, জেলা হুগলী, পিন-৭১২১৩৬, PAN - BKKPG0036R.

(২য়পাতায়)

নম্বর ৩৫৫৮৭ তারিখ ইং ২০/৫/ সন ২০১৭

ক্রেতা সুষমা ঘোষ

সাং [illegible]

থানা চন্দননগর

ভেণ্ডার — শ্রী প্রবীর কুমার সাঁতরা

মূল্য ৫০০০/ মোকাম - চন্দননগর কোর্ট

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

চন্দননগর, হুগলী

Chandannagar, Hooghly

Addl. Dist. Sub-Registrar
Chandannagar, Hooghly

2 9 MAY 2017

# DEED PLAN


CHANDERNAGORE. J.L NO-1. SHEET NO-14.

0-199(P). KHATIAN NO-171. L.R DAG NO-245(P) KHATIAN NO-331.

MARK AREA APPROX :- 2K-4 CH-40 SFT.

SCALE :- 1" = 24'-0".

R.T.S COVERED AREA :- 60 SFT.




Abhik Chatterjee.

DRAWN BY (ASDIR)
M-9836015349.

।।২।।

দাতা ঃ-

শ্রীমত্যা সুষমা ঘোষ স্বামী ৺ মনীন্দ্র নাথ ঘোষ, ধর্ম্মে হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা গৃহকর্ম্ম, সাকিম - " এস. এম. ভিলা ", সুকদেব সিং রোড, উর্দ্দিবাজার, পোঃ ও থানা চন্দননগর, জেলা হুগলী, পিন-৭১২১৩৬।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা হুগলী, মহকুমা, শহর, থানা ও এ্যাডিশনাল ডিঃ সাব রেজেষ্ট্রি অফিস চন্দননগরের সামিল চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত বর্তমান ১২ নং ওয়ার্ডের সুকদেব সিং রোড, উর্দ্দিবাজার নামক খ্যাত মহল্লায় অবস্থিত জে. এল. ১নং চন্দননগর মৌজার ১৪ নং সীট ভুক্ত আর. এস. ১৭১ নং খতিয়ান ভুক্ত আর.এস.১৯৯ নং দাগ ভুক্ত ১ আনায় সেটেলমেন্ট মাপ দৃষ্টান্তে .২৩৪২ একর বা ২৩৪২ সহস্রাংশ বাস্তু সম্পত্তি যাহা আমার পূর্ব্বাধিকারী তথা অত্র দলিলের দাতার পিতাঠাকুর শ্রী শৈলেন্দ্র নাথ ঘোষ ওরফে সত্যব্রত ঘোষ (পিতা ৺ সুখময় ঘোষ ) মহাশয়ের বহুকালের স্বত্ব দখলীয় ও এল.আর.সেটেলমেন্ট রেকর্ডে তাহার নিজ নামে রেকর্ড ভুক্ত সম্পত্তি থাকে। তিনি উহাতে নির্ব্বিবাদে ভোগ দখলীকার থাকাকালীন পরলোক গমন করিলে তাহার পর শ্রী মানিক লাল ঘোষ, শ্রী জহর লাল ঘোষ ও শ্রী মোহন লাল ঘোষ মহাশয়গন তৎপুত্র বিধায় এবং শ্রীমতী লতিমা ঘোষ (স্বামী শ্রী শিবরাম ঘোষ ), শ্রীমত্যা সোনারানী ঘোষ ( স্বামী ৺ যুগোল কিশোর ঘোষ ) ও আমি অত্র দলিলের দাতা তৎকন্যা বিধায় ওয়ারিশান সূত্রে তৎত্যক্ত সমুদয় সম্পত্তিতে সমতুল্যাংশে স্বত্বাভিষিক্ত হইয়া সরকার বাহাদুরের সেরেস্তায় যথাযথ খাজনাদি আদায় দিয়া ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশনে সাবেক নাম খারিজ মতে নিজ নিজ নাম পত্তনে যথাযথ ট্যাকসাদি আদায় দিয়া উহাতে নির্ব্বিবাদে এজমালে ভোগ দখলীকার থাকাবস্থায় এজমালে ভোগ দখলের অসুবিধাহেতু ভোগ দখলের সুবিধার্থে বিগত ইংরাজী২০০১ সালে চন্দননগর এ্যাডিশনাল

(৩য়পাতায়)

ডিঃ সাব রেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রিকৃত ১ নং বহির ৩১ নং ভল্যুমে ১৭৯ নং হইতে ১৮৮ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৫৮৭ নং আপোষ বিভাগ বন্টননামা দলিল মূলে আমার সহোদর ভ্রাতাগনের ও সহোদরা ভগিনীদ্বয়ের সহিত বিভাগ বন্টন মতে আমি অত্র দলিলের দাতা উক্ত দলিলের **চতুর্থপক্ষ ভুক্ত হইয়া** উপরোক্ত দাগ ভুক্ত বাংলা মাপে ২ কাঠা ৪ ছটাক ৪০ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালী আচ্ছাদিত গৃহাদি সহ সম্পত্তি পৃথক চিহ্নিত ও নির্দ্দিষ্ট মতে প্রাপ্ত হইয়া (যাহা উক্ত দলিলের 'ঘ' তপশীলে বিশদ ভাবে বর্নিত এবং উক্ত দলিলের সংলগ্নীকৃত নকসায় **নীল** রঙে সীমা বেষ্ঠিত ও লট ' ডি' চিহ্নিত আছে) উক্ত সম্পত্তির একক্ ১৲ ষোল আনার মালিক স্বরূপে সরকার বাহাদুরের সেরেস্তায় সাবেক নাম খারিজ মতে উক্ত সম্পত্তি এল. আর. ৩৩১ নং খতিয়ান ভুক্ত ২৪৫ নং দাগ ভুক্ত বাস্তু সম্পত্তি রূপে নিজ নামে রেকর্ড ভুক্ত করাইয়া যথাযথ খাজনাদি আদায় দিয়া ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশনে যথাযথ ট্যাকসাদি আদায় দিয়া উহাতে অন্যের স্বত্ব সংশ্রব রহিতে নির্ব্বিবাসে অদ্যাবধি ভোগ দখলে কায়েম আছি ।

অত্র দানপত্র গ্রহীতা তুমি আমার গর্ভজাত পুত্র শ্রী তপন কুমার ঘোষ মহাশয়ের কনিষ্ঠা কন্যা তথা আমার পৌত্রী হইতেছ। তুমি জন্মাবধি আমার আশ্রয়ে আমার দ্বারা লালিত পালিত হইয়াছো। আমার প্রতি তোমার ভক্তি, শ্রদ্ধা, সেবা, যত্ন, ভালবাসা ও কর্ত্তব্য বোধে আমি অতিশয় প্রীত ও সন্তুষ্ট । আমিও তোমাকে যারপরনাই ভালবাসি । আমার প্রতি তোমার ব্যবহার ভবিষ্যতেও এইরূপ থাকিবে সে বিষয়ে আমি আশাবাদী ও বিশ্বাসী। আমি বৃদ্ধাবস্থায় উপনীত হইয়াছি । আমি আমার জীবিতাবস্থায় তোমার ভবিষ্যত সংস্থান সুনিশ্চিত কল্পে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি তোমাকে দান করিতে ইচ্ছুক । তোমার প্রতি আমার ভালবাসার নিদর্শন স্বরূপ আমি নিম্ন তপশীলে বিশদভাবে বর্নিত ও অত্র দলিলের সংলগ্নীকৃত নকসায় **লাল** রঙের বর্ডার লাইন দ্বারা সীমা চিহ্নিত ও

(৪র্থপাতায়)

ইংরাজী অক্ষরে (ডি) নং লট রূপে নির্দ্দিষ্ট বাংলা মাপে ২ কাঠা ৪ ছটাক ৪০ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালী আচ্ছাদিত গৃহাদি সহ সম্পত্তি যাহার আনুমানিক বাজার মূল্য কোং ৯,৪৬,২২১, নয় লক্ষ ছেচল্লিশ হাজার দুই শত একুশ টাকা হইবে তাহা আমি স্বতঃ প্রবৃত্ত হইয়া তোমাকে নিব্যুঢ় স্বত্বে দান করিব মনস্থ করিয়া তোমার নিকট প্রস্তাব করিলে তুমি আমার দান সানন্দে গ্রহন করিতে স্বীকৃত হওয়ায় অদ্যকার তারিখে অত্র শুভ দান পত্র দলিল আমি তোমার নাম বরাবর সম্পাদন করতঃ এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লাভ, লভ্য, হক, হকিয়ৎ, সম্পর্ক ও দখলাদি ছিল বাআছে তাহা অদ্য হইতে অত্র শুভ দানপত্র দলিল বলে চিরতরে ধ্বংশ বা বিলোপ পাইয়া সম্পূর্ন রূপে তোমাতে বর্ত্তাইল। তুমি অদ্য হইতে অত্র সম্পত্তিতে স্থিত আমার যাবতীয় স্বত্বের ও দখলের মালিক হইয়া তাহাতে যদৃচ্ছা মত ভোগ দখল করতঃ পুরাতন গৃহাদি মেরামত ও নূতন গৃহাদি নির্ম্মান করতঃ সরকার বাহাদুরের সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশনে সাবেক নাম খারিজ মতে নিজ নাম পত্তনে যথাযথ খাজনাদি ও ট্যাকসাদি আদায় দিয়া চেক দাখিলা গ্রহনে প্রয়োজন বোধে দান বিক্রয় বন্ধকাদি মায় নানাপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের মালিক হইয়া তুমি তোমার অপর ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক। তাহাতে কশ্মিনকালেও আমি মায় আমার পুত্র পৌত্রাদি অপর ওয়ারিশান মায় স্থলাভিষিক্ত গনক্রমে কেহ কোন দিন কোনপ্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা কেহ পারিবেক না। কেহ তাহা করিলেও তাহা সর্ব্বস্থলে সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমাকে দান করিলাম।

(৫মপাতায়)

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অদ্যকার তারিখে নিম্ন স্বাক্ষরীত স্বাক্ষীগনের সাক্ষাতে অত্র শুভ দানপত্র দলিলে নিজ নাম স্বাক্ষর করতঃ অত্র দলিল তোমার নাম বরাবর রেজেষ্ট্রি করিয়া দিলাম এবং অদ্যই দানকৃত সম্পত্তিতে তোমাকে দখলে প্রতিষ্ঠিত করিলাম ।ইতি তারিখ -

বাংলা সন ১৪২৪ সালের ১০ই জ্যৈষ্ঠ

ইংরাজী সন ২০১৭ সালের 25 শে মে .

<u>দানকৃত তপশীল সম্পত্তির পরিচয়</u>

জেলা হুগলী , মহকুমা , শহর , থানা ও এ্যাডিশনাল ডিঃ সাব রেজেষ্ট্রি অফিস চন্দননগরের সামিল চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত বর্তমান ১২ নং ওয়ার্ডের বর্তমান ৫৮৫ নং সুকদেব সিং রোড ( উর্দ্দিবাজার মেন রোড ) হোল্ডিংভুক্ত সুকদেব সিং রোড , উর্দ্দিবাজার নামক খ্যাত মহল্ল্যায় অবস্থিত জে. এল. ১ নং চন্দননগর মৌজার ১৪ নং সীট ভুক্ত আর.এস. ১৭১ এক শত একাত্তর নং খতিয়ান ভুক্ত এল.আর. ৩৩১ নং খতিয়ান ভুক্ত হাল রায়ত স্বত্বীয় -

১।একবন্দে আর. এস. ১৯৯ এক শত নিরানব্বুই নং এল.আর. ২৪৫ নং দাগ ভুক্ত অত্র সহ দাখিলী নকসায় প্রদর্শিত লাল রঙের বর্ডার লাইন দ্বারা সীমা চিহ্নিত ও ইংরাজী অক্ষরে (ডি) নং লট রূপে নির্দ্দিষ্ট আমার ভোগ দখলী বাংলা মাপে ২ দুই কাঠা ৪ চার ছটাক ৪০ চল্লিশ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৮০ বর্গফুট কভার্ড এরিয়া বিশিষ্ট টালী আচ্ছাদিত গৃহাদি সহ সম্পত্তি মায় তদুপরি যাহা যাহা বিদ্যমান আছে তৎসহ মায় অত্র সম্পত্তির উত্তর দিকস্থ ও পশ্চিম দিকস্থ সীমানা প্রাচীর - এর মালিকানা স্বত্ব সহ মায় নকসায় প্রদর্শিত ৮' ফুট প্রশস্ত কমন পথের উপর দিয়া পদব্রজে যাতায়াত, যানবাহনাদি লইয়া গমনাগমন সহ জলকলের পাইপ লাইন , ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন , জেনারেটর লাইন , কেবল্ লাইন প্রভৃতি লইয়া যাইবার ও

(৬ষ্ঠপাতায়)

সুষমা ঘোষ —
দঃ উৎপল কুমার ঘোষ —



জল নিকাশী পাকা নর্দ্দমা নির্ম্মান করিবার অধিকার সহ অন্যান্য সকল পথ ঘাট ব্যবহারের যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্ব সহ এবং আমার আপোষ বিভাগ বন্টন নামা দলিল বলে অর্জিত সকল ব্যবহারিক স্বত্বাদি ও অধিকারাদি সহ অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

ইহার হারাহারি বার্ষিক খাজনা হুগলী কালেকটার বাহাদুরের পক্ষে বি. এল. এন্ড এল. আর. ও. খলিসানী, চন্দননগর দপ্তরে সন সন আদায় দিতে হয়।

<u>দানকৃত সম্পত্তির চৌহদ্দি :-</u>

**উত্তরে :-** স্বপন কুমার ঘোষ দীগরের সম্পত্তি। **দক্ষিনে :-** লতিমা ঘোষ মহাশয়ার সম্পত্তি। **পূর্ব্বে :-** ৮´ ফুট প্রশস্ত কমন পথ। **পশ্চিমে :-** আর.এস. ২০২ নং দাগ ভুক্ত সম্পত্তি। এই চৌহদ্দি বেষ্টিত সম্পত্তি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। অত্র সহ দাখিলী নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

অত্র দলিলের ও অত্র দলিলের সংশ্লিষ্ট অনুলিপির প্রথম ফর্দে দাখিল কারকের স্ব-প্রত্যায়িত পাসপোর্ট আকারের ছবি ও পৃথক ফর্দে গ্রহীতার স্ব - প্রত্যায়িত পাসপোর্ট আকারের ছবি এবং উভয়ের দুই হস্তের অঙ্গুলীর স্ব স্ব -প্রত্যায়িত টিপ ছাপ অত্র সহ সংলগ্নীকৃত রহিল, যাহা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

অত্র দলিল পাঠ করিয়া দাতাকে ইহার সম্যক মর্ম্ম অবগত করাইলাম।

Atanu Kumar Ghosh.

অত্র দান আমি গ্রহীতা সানন্দে গ্রহন করিলাম।

Basabdatta Ghosh

অত্র দলিল ষ্ট্যাম্প সহ মোট ৯ ফর্দে প্রস্তুত হইল এবং ইহাতে 2 জন সাক্ষী রহিল।

ড্রাফটকারক
Bimal Behari Pal,
Advocate, Chandernagore Court,
W.B. /1240/1962.

কম্পিউটার প্রিন্ট বাই/টাইপকারক
চন্দননগর কোর্ট

ইসাদি -

2. Atanu Kumar Ghosh
Sukdeb Singh Road.
Urdibazar, Chandannagore.
Hooghly

2. উৎপল কুমার ঘোষ —
"এস. এম. ভিলা"
সুকদেব সিং রোড
উর্দিবাজার; চন্দননগর —
হুগলী